

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd



পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.১৯-২০৭৮

তারিখঃ ০৫ গৌষ' ১৪২৭
২০ ডিসেম্বর' ২০২০

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠানের তারিখ ও সময়ঃ ১৫-১২-২০২০, সকালঃ ১১:০০ ঘটিকা।
সম্মেলন কক্ষ, কারা অধিদপ্তর, ঢাকা।

কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোমিনুর রহমান মামুন এর সভাপতিত্বে কারা অধিদপ্তরের সকল কর্মকর্তা ও সকল শাখার প্রধান সহকারী ও সহকারীদের উপস্থিতিতে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যে সকল বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে তা নিম্নে বিবৃত করা হলোঃ

ক্র:নং	আলোচ্য বিষয়সমূহ	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	কারা অধিদপ্তরের বিভিন্ন শাখায় ব্যবহৃত কম্পিউটারে কোন ত্রুটি-বিচ্যুতি দেখা দিলে সংশ্লিষ্ট শাখা প্রধান প্রাথমিকভাবে কম্পিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যার কাজে দক্ষ এরকম কর্মচারী দ্বারা মেরামতের ব্যবস্থা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	কারা অধিদপ্তরের বিভিন্ন শাখায় ব্যবহৃত কম্পিউটারে কোন ছোটখাটো ত্রুটিবিচ্যুতি দেখা দিলে অধিদপ্তরে কর্মরত কম্পিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যার কাজে দক্ষ কর্মচারী দ্বারা মেরামতের ব্যবস্থা করা হয়।	সহকারী কারা মহাপরিদর্শক (সকল) ও শাখা প্রধান (সকল)/ ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সেল।
২.	বিভিন্ন শাখায় নিয়োজিত কর্মচারীদেরকে শাখার কাজ যথাসময়ে উপস্থাপন ও দ্রুততার সাথে সমাধানে সচেষ্ট হওয়ার জন্য বিস্তারিত আলোচনা করা হয়।	বিভিন্ন শাখায় নিয়োজিত কর্মচারীদেরকে শাখার কাজ যথাসময়ে উপস্থাপন ও দ্রুততার সাথে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কারা মহাপরিদর্শক (সকল) ও শাখা প্রধান (সকল)।
৩.	অধীনস্থ কর্মচারীদেরকে শাখার কাজ যথাসময়ে সমাধানের জন্য প্রেষণা/অনুপ্রেরণা প্রদান করে শাখার কাজ সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	অধীনস্থ কর্মচারীদেরকে শাখার কাজ যথাসময়ে সমাধানের জন্য প্রেষণা/অনুপ্রেরণা প্রদান করে শাখার কাজ সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কারা মহাপরিদর্শক (সকল) ও শাখা প্রধান (সকল)।
৪.	বিভিন্ন কম্পিউটারে মুদ্রণকৃত চিঠিপত্র শেয়ারিং এর মাধ্যমে একটি প্রিন্টার হতে বের করার বিষয়টি আলোচনা করা হয়।	বিভিন্ন কম্পিউটারে মুদ্রণকৃত চিঠিপত্র শেয়ারিং এর মাধ্যমে একটি প্রিন্টার হতে বের করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল।
৫.	মাঠ পর্যায় থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিত পাওয়া এবং উক্ত কার্যক্রম যথাসময়ে নিশ্চিত করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	মাঠ পর্যায় থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত মাসিক প্রতিবেদন নিয়মিত সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	শাখা প্রধান (প্রশাসন শাখা)।

২। পরিশেষে সকলকে অত্যন্ত নিষ্ঠার সাথে দাপ্তরিক কাজ সম্পন্ন করার পরামর্শ প্রদান করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মোমিনুর রহমান মামুন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
২০.১২.২০২০

ig@prison.gov.bd


পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.১৯- ২০৭৮ (৫৮)

তারিখঃ ০৫ পৌষ ' ১৪২৭
২০ ডিসেম্বর ২০২০

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হইলোঃ-

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার, স্টাফ অফিসার, পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হইলো।
- ৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ), মহোদয়ের সদয় অবগতির জন্য।

ক্রমিক নং	সমন্বিত কার্য	সমন্বিত কার্য	সংখ্যা
৭।	গার্ড ফাইল।		


২০/১২/২০

মোহাম্মদ সাজ্জাদ হোসেন
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
পক্ষে কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।
dig.dev@prison.gov.bd

১৪২৭ পৌষ ০৫ তারিখে কারা অধিদপ্তর, ঢাকা।

